গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০- ১১১৫ তারিখ: ২৮/০৯/২০২১ খ্রি.

**বিষয়: ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত অ্যাসাইনমেন্ট (১৮তম সপ্তাহ) বিতরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিত জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রণয়নকৃত ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির আলোকে নির্ধারিত গ্রিড অনুযায়ী **১৮তম সপ্তাহের অ্যাসাইনমেন্ট** বিতরণ করা হলো। বিতরণকৃত অ্যাসাইনমেন্ট সকল শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধি-নিষেধ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত:** অ্যাসাইনমেন্ট (১৮তম সপ্তাহ)

২৮/০৯/২০২১

**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ০২-৪১০৫০২৮৫

**বিতরণ:**

১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল
৪. জেলা প্রশাসক, সকল জেলা
৫. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[অ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৭. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৮. সংরক্ষণ নথি

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: গণিত**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪ | দ্বিতীয় অধ্যায়:<br><br>অনুপাত ও শতকরা | ২.১ অনুপাত<br><br>২.২ বিভিন্ন অনুপাত<br><br>২.৩ অনুপাত ও শতকরার সম্পর্ক<br><br>২.৪ ঐকিক নিয়ম | আবু হানিফ সাহেব তাঁর ইটের ভাটায় কিছুসংখ্যক ইট তৈরির জন্য ২৫০জন শ্রমিককে ৩০ দিনের জন্য নিয়োজিত করলেন। জরুরী প্রয়োজনে কাজটি ১২ দিনে শেষ করার তাগিদ দিলেন। তাঁর ইট তেরিতে ৭০ কেজি মিশ্রণে মাটি ও বালির পরিমাণের অনুপাত ৫:২।<br><br>(ক) মাটি ও বালির পরিমাণ নির্ণয় কর।<br><br>(খ) কি পরিমাণ বালি মিশালে উক্ত মিশ্রণটি ২:৫ হবে।<br><br>(গ) অতিরিক্ত শ্রমিকের সংখ্যা নির্ণয় কর। | ঐকিক নিয়ম ও অনুপাতের সাহায্যে সমস্যাটি সমাধান করবে। | ক.অনুপাতের ব্যবহার<br><br>খ. মিশ্রনের আনুপাতিক তুলনাকরণ<br><br>গ.ঐকিক নিয়মের প্রয়োগ |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: গণিত**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪ | অষ্টম অধ্যায়:<br><br>সমান্তরাল সরলরেখা | ১. সমান্তরাল সরলরেখা ও ছেদক<br><br>২. দুইটি সরলরেখা সমান্তরাল হওয়ার শর্ত<br><br>৩. দুইটি সরলরেখা সমান্তরাল হওয়ার শর্ত প্রমাণ | $AB \parallel CD$ এবং PQ ছেদক যা রেখাদ্বয়কে যথাক্রমে M ও N বিন্দুতে ছেদ করে।<br><br>১. দুই জোড়া অনুরূপ কোণ চিহ্নিত কর এবং প্রতি জোড়া অনুরূপ কোণ সমান কিনা যাচাই কর এবং প্রমাণ কর যে, $\angle AMN = \angle MND$<br><br>২. $\angle PMB = 60^\circ$ এবং M বিন্দুগামী একটি রেখাংশ ND কে যদি R বিন্দুতে এমনভাবে ছেদ করে যেন, MN=MR তাহলে প্রমাণ কর যে, MNR একটি সমবাহু ত্রিভুজ। | ১. ছেদ বিন্দুচিহ্নিত করবে এবং চাঁদার সাহায্যে অনুরূপ কোণ পরিমাপ করে সমান কিনা যাচাই করবে। অনুরূপ কোণ এবং বিপ্রতীপ কোণের ধারণা প্রয়োগ করে প্রমাণ সম্পন্.করবে।<br><br>২. দুইটি সরলরেখা সমান্তরাল হলে তাদের ছেদক দ্বারা উৎপন্ন অনুরূপ কোণ সমান হয় এবং ত্রিভুজের সমান সমান বাহুর বিপরীত কোণ সমান হয়, এই ধারণাগুলো প্রয়োগ করে প্রমাণ সম্পন্ন করবে। | ১.<br><br>* সঠিক চিত্রাঙ্কন<br><br>*অনুরূপ কোণচিহ্নিতকরণ<br><br>*অনুরূপ কোণযাচাই<br><br>*সঠিক প্রক্রিয়া অনুসরণ<br><br>* যথাযথ উপস্থাপন<br><br>২.<br><br>* সঠিক চিত্রাঙ্কন<br><br>* সঠিক প্রক্রিয়া অনুসরণ<br><br>* যথাযথ উপস্থাপন |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: গণিত**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪ | অষ্টম অধ্যায়:<br>চতুর্ভুজ | ৮.১ চতুর্ভুজ<br>৮.২ চতুর্ভুজের প্রকারভেদ<br>৮.৩ চতুর্ভুজ সংক্রান্ত উপপাদ্য<br>৮.৪ চতুর্ভুজ ক্ষেত্রের ক্ষেত্রফল<br>৮.৫ ঘনবস্তু<br>৮.৬ চতুর্ভুজ অঙ্কন | একটি চতুর্ভূজের চারটি বাহুর দৈর্ঘ্যর সমষ্টি 20 সেমি এবং কোনো বাহুই 3 সেমি এর কম নয়।<br>নিচের চতুর্ভূজগুলোর আনুপাতিক চিত্র অঙ্কন কর এবং২টি করে বৈশিষ্ট্য লিখঃ<br>ক. বর্গ<br>খ. রম্বস কিন্তু বর্গ নয়।<br>গ. আয়ত কিন্তু বর্গ নয়।<br>ঘ. সামান্তরিক কিন্তু আয়ত বা বর্গ নয়।<br>ঙ. ট্রাপিজিয়াম কিন্তু সামান্তরিক নয়। | গণিত পাঠ্যবইয়ের ৮ম অধ্যায়ে আলোচিত বিভিন্ন প্রকার চতুর্ভুজের বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা লাভ করে সমস্যা সমাধান করবে। | ক. ১. চিত্র অঙ্কন<br>২. বৈশিষ্ট্য নিরূপন<br>খ. ১. চিত্র অঙ্কন<br>২. বৈশিষ্ট্য নিরূপন<br>গ. ১. চিত্র অঙ্কন<br>২. বৈশিষ্ট্য নিরূপন<br>ঘ. ১. চিত্র অঙ্কন<br>২. বৈশিষ্ট্য নিরূপন<br>ঙ. ১. চিত্র অঙ্কন<br>২. বৈশিষ্ট্য নিরূপন |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায়: স্কাউটিং ও গার্ল গাইড | • স্কাউটিং ও গার্ল গাইডের ধারণা ও প্রয়োজনীয়তা<br>• স্কাউটিং ও গার্ল গাইডের মূলনীতি ও প্রতিজ্ঞা<br>• স্কাউটিং ও গার্ল গাইডের কর্মসূচি ও পোশাক<br>• দড়ির প্রাথমিক ৬টি গেরো<br>• প্রাথমিক প্রতিবিধান: ধারণা ও প্রয়োগ ( কেটে গেলে, পুড়ে গেলে, ছঁড়ে গেলে, পোকাঁয় কামড়ালে করণীয় ইত্যাদি) | কেস স্টাডি:<br><br>তুমি একজন স্কাউট বা গার্ল গাইড সদস্য। তোমার বাসার একজন সদস্যের প্রাথমিক চিকিৎসা প্রয়োজন। এতে তোমার করণীয় কি? | • প্রাথমিক চিকিৎসা কি?<br>• প্রাথমিক চিকিৎসাকারির কাজ<br>• ব্যবহৃত উপকরণসমূহ<br>• প্রাথমিক চিকিৎসা গ্রহণকারী এবং প্রদানকারীর পরিচয়<br>• দুর্ঘটনা এবং তোমার প্রদত্ত চিকিৎসা পদ্ধতি<br>• প্রদত্ত চিকিৎসার উদ্দেশ্য | • সবগুলো যথাযথ – অতিউত্তম<br>• প্রথম৫টি যথাযথ - উত্তম<br>• ৪ টি যথাযথ – ভালো<br>• অন্যথা – অগ্রগতি প্রয়োজন। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায়: স্কাউটিং ও গার্ল গাইডিং | • স্কাউটিং ও গার্ল গাইডের এর সংক্ষিপ্ত ইতিহাস ও কর্মসূচি<br>• উপদল (পেট্রোল) ও ব্যাজ পদ্ধতি<br>• পাইওনিয়ারিং, ল্যাশিং ও টেন্ডার ফুটগিরা<br>• পোল এন্ড শিয়ারও ফিগার অব এইট ল্যাশিং<br>• প্রাথমিক চিকিৎসা/ প্রতিবিধান | মাহিম ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নকালীন সময়ে বিদ্যালয়ের মাঠে কিছু তাবু খাটানো দেখে তার কৌতুহল সৃষ্টি হয়। সে তাবুর কাছে গিয়ে জানতে পারল স্কাউটিং ক্যাম্প হচ্ছে। ক্যাম্পিংয়ে উপদল পদ্ধতি দেখে তার ভালো লাগলো। সে স্কাউটিং এ ভর্তি হওয়ার আগ্রহ প্রকাশ করল। তুমি কি কারণে স্কাউটিং কার্যক্রমে অংশগ্রহণ করতে চাও তা ব্যাখ্যা কর। | • স্কাউট বন্ধুর সহায়তা<br>• পাঠ্যপুস্তক ইন্টারনেটের সাহায্য | অতি উত্তম:<br>১. বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, সূত্র পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় বাক্য গঠন, বানান ও লেখনীতে পরিচ্ছন্নতা<br><br>উত্তম:<br>১. অধিকাংশ বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় বাক্য গঠন, বানান ও লেখনীতে আংশিক পরিচ্ছন্নতা<br><br>ভালো:<br>১. বিষয়বস্তুর ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, সূত্র ইত্যাদি আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায়বাক্য গঠন, বানান ও লেখনীতে পরিচ্ছন্ন তার অভাব<br><br>অগ্রগতির প্রয়োজন:<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, সূত্র ইত্যাদি সঙ্গতির অভাব<br>৩. লেখায় বাক্য গঠন, বানান ও লেখনীতে পরিচ্ছন্নতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায়: স্কাউটিং, গার্ল গাইড ও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি | • হাইকিং ও প্রজেক্ট তৈরি<br>• নেতৃত্ব দান ও মানবসেবায় স্কাউটিং, গার্ল গাইড ও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির গুরুত্ব<br>• প্রাথমিক প্রতিবিধান:<br>• ব্যান্ডেজ বাঁধার পদ্ধতি<br>• স্কাল ব্যান্ডজ (মাথার খুলি)<br>• জও ব্যান্ডেজ (চোয়াল)<br>• আর্ম সিলিং<br>• কলার এন্ড কাপ সিলিং | রিতা ও জুঁই দুই বান্ধবী। প্রতিদিনের মতো তারা স্কুলের মাঠে খেলা করছিল। হঠাৎ রিতা পড়ে গিয়ে হাতে প্রচন্ড ব্যথা পায়। কিছুক্ষণ পরে দেখা যায় রিতার হাত ফুলে গিয়েছে এবং প্রচন্ড ব্যথা অনুভব করে। এমতাবস্থায় জুঁই তার অন্যান্য বান্ধবীদের ডেকে এনে রিতা কে ডাক্তারের কাছে নেওয়ার পূর্বে প্রাথমিক চিকিৎসা প্রদান করে। এমন পরিস্থিতির সম্মুখীন হলে তুমি কী কী পদক্ষেপ গ্রহণ করবে সে সম্পর্কে তোমার পাঠ্য পুস্তকের আলোকে মতামত উপস্থাপন কর। | ১. পাঠ্যপুস্তক থেকে ধারণা নেওয়া যেতেপারে।<br><br>২. পূর্ববর্তী বা পরবর্তী শ্রেণির পাঠ্যপুস্তক থেকেও ধারণা নেওয়া যেতে পারে।<br><br>৩. বিষয় শিক্ষকের পরামর্শ নেওয়া যেতে পারে।<br><br>৪. ইন্টারনেটের সাহায্য নেওয়া যেতে পারে। | অতি উত্তম:<br>১. নিজস্ব মতামত সঠিকভাবে উপস্থাপন।<br>২. সাবলীল ভাষা প্রয়োগ<br>৩. সঠিক বানান ও বাক্য গঠন<br>৪. পাঠ্যপুস্তকের বিষয়বস্তুর সাথে সামঞ্জস্য।<br>৫. লেখায় লক্ষণীয়মাত্রায় সৃজনশীলতা ও নিজস্বতা।<br><br>উত্তম:<br>১. অধিকাংশ ক্ষেত্রে নিজস্ব মতামত ও সঠিকভাবে উপস্থাপন<br>২. বানান ও বাক্য গঠনে আংশিক অসঙ্গতি।<br>৩. পাঠ্যপুস্তকের বিষয়বস্তুর সাথে সামঞ্জস্য।<br>৪. লেখায় সৃজনশীলতা ও নিজস্বতার আংশিক ঘাটতি।<br><br>ভালো:<br>১.নিজস্ব মতামত সঠিকভাবে উপস্থাপনের অভাব।<br>২. বানান ও বাক্য গঠনে অসঙ্গতি।<br>৩. লেখায় সামান্যমাত্রায় সৃজনশীলতা ও নিজস্বতা।<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>১. সৃজনশীলতা ও নিজস্বতা অনুপস্থিত।<br>২. ভুল বানান ও বাক্য গঠন। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: পদার্থ বিজ্ঞান**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪ | তৃতীয় অধ্যায়: বল | ৩.১ জড়তা এবং বলের ধারণা : নিউটনের গতির প্রথম সূত্র<br>৩.১.১ জড়তা<br>৩.১.২ বল<br>৩.২ মৌলিক বলের প্রকৃতি<br>৩.২.১ মহাকর্ষ বল<br>৩.২.২ তড়িৎ চৌম্বক বল বা বিদ্যুৎ চৌম্বকীয় বল<br>৩.২.৩ দুর্বল নিউক্লিয় বল<br>৩.২.৪ সবল নিউক্লিয় বল<br>৩.৩ সাম্যতা ও সাম্যতাবিহীন বল<br>৩.৪ ভরবেগ<br>৩.৫ সংঘর্ষ<br>৩.৫.১ ভরবেগ এবং শক্তির সংরক্ষণশীলতা<br>৩.৫.২ নিরাপদ ভ্রমণ : গতি ও বল<br>৩.৬ বস্তুর গতির উপর বলের প্রভাব : নিউটনের দ্বিতীয় সূত্র<br>৩.৭ মহাকর্ষ বল<br>৩.৮ নিউটনের তৃতীয় সূত্র<br>৩.৯ ঘর্ষণ বল<br>৩.৯.১ ঘর্ষণের প্রকার ভেদ<br>৩.৯.২ গতির উপর ঘর্ষণের প্রভাব<br>৩.৯.৩ ঘর্ষণ কমানো-বাড়ানো<br>৩.৯.৪ ঘর্ষণ : একটি প্রয়োজনীয় উপদ্রব | তোমার চার পাশে অসংখ্য সংঘর্ষের ঘটনা ঘটে। এদের মধ্য থেকে যে কোন পাঁচটি সংঘর্ষের ঘটনা সনাক্ত কর এবং সংঘর্ষ গুলির মধ্যে যেটি সবচেয়ে ভয়াবহ তার কারণসহ ব্যাখ্যা কর। | প্রকৃতি, সংবাদ মাধ্যম, ইন্টারনেট থেকে তথ্য সংগ্রহ | অতি উত্তম:<br>১। বাস্তবের সাথে সঙ্গতি পূর্ণ পাচঁটি সংঘর্ষের ঘটনা উপস্থাপন<br>২। যথাযথ কারণ ব্যাখ্যা<br>৩। উপস্থাপনায় নিজস্বতা<br><br>উত্তমঃ<br>১। অধিকাংশ ক্ষেত্রে বাস্তবের সাথে সঙ্গতি পূর্ণ পাচঁটি সংঘর্ষের ঘটনা উপস্থাপন<br>২।অধিকাংশ ক্ষেত্রে যথাযথ কারণ ব্যাখ্যা<br>৩। অধিকাংশ ক্ষেত্রে উপস্থাপনায় নিজস্বতা<br><br>ভালঃ<br>১। গ্রহনযোগ্যমাত্রায় উপস্থাপন<br>২। গ্রহনযোগ্যমাত্রায় কারণ ব্যাখ্যা<br><br>অগ্রগতি প্রয়োজনঃ<br>১। আংশিকমাত্রায় বাস্তবের সাথে সঙ্গতি পূর্ণ তথ্য উপস্থাপন<br>২। আংশিকমাত্রায় কারণ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় কৃত্রিমতা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: হিসাব বিজ্ঞান**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪ | চতুর্থ অধ্যায়:<br><br>মূলধন ও মুনাফা জাতীয় লেনদেন | • মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের ধারণা<br>• মূলধন জাতীয় প্রাপ্তি ও আয়।<br>• মূলধন জাতীয় ব্যয়।<br>• মুনাফা জাতীয় প্রাপ্তি ও আয়।<br>• মুনাফা জাতীয় প্রদান/ব্যয়।<br>• মূলধন ও মুনাফা জাতীয় লেনদেন পার্থক্যকরণের প্রয়োজনীয়তা।<br>• মূলধন ও মুনাফা জাতীয় লেদেনের প্রভাব।<br>• বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়।<br>• মূলধন ও মুনাফা জাতীয় হিসাবের তালিকা। | ক. মূলধন ও মুনাফা জাতীয় প্রাপ্তি এবং ব্যয় সংক্রান্ত লেনদেন চিহ্নিত করার ০৩টি করে উপায় উল্লেখসহ একটি ব্যবসায় প্রতিষ্ঠানের ২টি মুনাফা জাতীয় প্রাপ্তি; ২টি মুনাফা জাতীয় ব্যয় এবং ২টি মূলধন জাতীয় প্রাপ্তি; ২টি মূলধন জাতীয় ব্যয় সংক্রান্ত লেনদেন লেখ।<br><br>খ. নিম্নের তথ্য থেকে কোনটি মূলধন জাতীয় প্রাপ্তি, কোনটি মূলধন জাতীয় ব্যয় , কোনটি মুনাফা জাতীয় প্রাপ্তি এবং মুনাফা জাতীয় ব্যয় চিহ্নিত কর।<br><br>বেতন প্রদান, ঋণ গ্রহণ, আলমারি ক্রয়, পুরাতন যন্ত্রপাতি বিক্রয় , ভাড়া প্রাপ্তি, বিদ্যুৎ বিল পরিশোধ, কমিশন প্রদান, বিনিয়োগের সুদ প্রাপ্তি, ব্যাংক চার্জ, কম্পিউটার ক্রয় | ❖ পাঠ্য বইয়ের সংশ্লিষ্ট বিষয়গুলো সম্পর্ক ধারণা নেওয়া।<br>❖ প্রয়োজন হলে মোবাইল বা ভার্চুয়াল মিডিয়ার মাধ্যমে বিষয় শিক্ষকের শরণাপন্ন হওয়া।<br>❖ ইন্টারনেট এর মাধ্যমে গুগল ও ইউটিউবের সহায়তা নেয়া।<br>❖ সম্ভব হলে একাদশ-দ্বাদশ শ্রেণির হিসাব বিজ্ঞান বইয়ের সহয়তা নেয়া যেতে পারে। | অতি উত্তম:<br>শিক্ষার্থী বিষয়বস্তু সম্পর্কে সুস্পষ্ট ধারণা নিয়ে যদি যথাযথভাবে প্রতিটি লেনদেন লেখতে পারে এবং মূলধন ও মুনাফা জাতীয় বিষয়গুলো চিহ্নিত করে উপস্থাপনা করতে পারে।<br><br>উত্তম:<br>শিক্ষার্থীর বিষয়বস্তু সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকলেও যদি ১ বা ২টি লেনদেন লেখতে ভুল করে এবং মূলধন ও মুনাফা জাতীয় বিষয়গুলো চিহ্নিত করে লেখতে পারে।<br><br>ভালো:<br>শিক্ষার্থীর বিষয়বস্তু সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকলেও যদি ১ বা ২টি লেনদেন লেখতে ভুল করে এবং মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনগুলো চিহ্নিত করে উপস্থাপনা করতে না পারলে।<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>• শিক্ষার্থীর বিষয়বস্তু সম্পর্কে সুস্পষ্ট ধারণা না থাকা এবং যথাযথভাবে লেনদেন চিহ্নিত করতে না পারা। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪ | চতুর্থ অধ্যায়: প্রাচীন বাংলার রাজনৈতিক ইতিহাস (৩২৬ খ্রিষ্টপূর্বাব্দ থেকে ১২০৪ খ্রিষ্টাব্দ) | • মৌর্য ও গুপ্ত যুগে বাংলা<br>• গুপ্ত-পরবর্তী বাংলা<br>• স্বাধীন বঙ্গ এবং গৌড় রাজ্য<br>• মাৎস্যন্যায় ও পাল বংশ (৭৫০-১১৬১ খ্রিষ্টাব্দ)<br>• দক্ষিণ-পূর্ব বাংলার স্বাধীন রাজ্য<br>• সেন বংশ (১০৬১-১২০৪ খ্রিষ্টাব্দ)<br>• প্রাচীন বাংলার শাসন-ব্যবস্থা মৌর্য ও গুপ্ত যুগে বাংলা<br>• গুপ্ত-পরবর্তী বাংলা<br>• স্বাধীন বঙ্গ এবং গৌড় রাজ্য<br>• মাৎস্যন্যায় ও পাল বংশ (৭৫০-১১৬১ খ্রিষ্টাব্দ)<br>• দক্ষিণ-পূর্ব বাংলার স্বাধীন রাজ্য<br>• সেন বংশ (১০৬১-১২০৪ খ্রিষ্টাব্দ)<br>• প্রাচীন বাংলার শাসন-ব্যবস্থা | প্রাচীন বাংলার রাজা/ রাজবংশসমূহের বংশানুক্রমিক তালিকা তৈরি করে ঐ যুগের শাসন ব্যবস্থার একটি প্রতিবেদন তৈরি কর। (২৫০-৩০০ শব্দ) | ১। ষষ্ঠ ও অষ্টম শ্রেণির 'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' বইয়ের প্রথম অধ্যায় থেকে তথ্য সংগ্রহ করা যেতে পারে।<br>২। উইকিপিডিয়া ও বাংলাপিডিয়াসহ প্রাচীন বাংলার ইতিহাস সংক্রান্ত যেকোনো বইয়ের সাহায্য নেওয়া যেতে পারে।<br>৩। গুগল এবং ইউটিউব থেকে প্রাচীন বাংলার ইতিহাস সংক্রান্ত তথ্য সংগ্রহ করা যেতে পারে। | **অতি উত্তম:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা<br>২। তথ্য ও ধারণা বিষয়বস্তুর সাথে সঙ্গতিপূর্ণ<br>৩। লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা<br>২। তথ্য ও ধারণা বিষয়বস্তুর সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩। আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২। তথ্য ও ধারণা আংশিক সঙ্গতিপূর্ণ<br>৩। সামান্যমাত্রায় নিজস্বতা ওসৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>২। তথ্য ও ধারণার সঙ্গতির অভাব<br>৩। নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪ | চতুর্দশ অধ্যায়: বাংলাদেশের পরিবার কাঠামো ও সামাজিকীকরণ | | কোভিড-১৯ পরিস্থিতি আমাদের সামাজিকীকরণকে কীভাবে প্রভাবিত করছে? এধরনের প্রভাবকে ইতিবাচকভাবে কার্যকর করার উপায় উল্লেখ কর। | ১. সামাজিকী করণের ধারণা ব্যাখ্যা করবে।<br>২. সামাজিকীকরণের বিভিন্ন প্রতিষ্ঠানের ভূমিকা উল্লেখ করবে।<br>৩. কী কারণে সামাজিকীকরণে বর্তমান পরিবেশ প্রতিবন্ধক হিসাবে কাজ করছে তা উল্লেখ করবে।<br>৪. চলমান পরিস্থিতিতে সামাজিক জীবনের ইতিবাচক পরিবর্তনগুলো উল্লেখ করবে (এজন্য পত্র-পত্রিকা/ অনলাইন মাধ্যমে ব্যবহার করতে পারে)।<br>৫. এ বিষয়ে প্রাপ্ত তথ্য বিশ্লেষণও নিজস্ব পর্যবেক্ষণ/ মতামত প্রদান করবে।<br>৬. উপসংহার। | ক. অতি উত্তম:<br>১. পরিপূর্ণমাত্রায় বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br><br>খ. উত্তম:<br>১. অধিকাংশক্ষেত্রে বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br><br>গ. ভালো:<br>১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br><br>ঘ. অগ্রগতি প্রয়োজন:<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি সঙ্গতির অভাব<br>৩. লেখায় নিজস্বতাও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম**

**বিষয়: বিজ্ঞান**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪ | দ্বিতীয় অধ্যায়:<br>জীবনের জন্য পানি | ২.১.১ পানির ধর্ম<br>২.১.২ পানির উৎস<br>২.১.৩ জলজ উদ্ভিদের জন্য পানির প্রয়োজনীয়তা,<br>২.২ পানির মানদণ্ড<br>২.৩ পানির পুনরাবর্তন ও পরিবেশ সংরক্ষণে পানির ভূমিকা<br>২.৩ পানির পুনরাবর্তন ও পরিবেশ সংরক্ষণে পানির ভূমিকা<br>২.৪ পানি বিশুদ্ধকরণ<br>২.৫ বাংলাদেশে পানির উৎসে দূষণের কারণ<br>২.৫.১ উদ্ভিদ, প্রাণী এবং মানুষের উপর পানি দূষণের প্রভাব<br>২.৬ বৈশ্বিক উষ্ণতা<br>২.৭ বাংলাদেশে পানি দূষনের প্রতিরোধ কৌশল এবং নাগরিকের দায়িত্ব<br>২.৮ বাংলাদেশে পানির উৎসে হুমকি<br>২.৯ পানি প্রবাহের সর্জনীনতা এবং আন্তর্জাতিক নিয়মনীতি | প্রজ্ঞা তার বাবার সাথে বুড়িগঙ্গা নদীতে নৌকায় করে বেড়াতে গেল। দাদা বাড়িতে যাওয়ার সময় নদীর পাড়ের যে ছবি তার মনে গেঁথেছিল তার সঙ্গে এই মুহূর্তে দেখা চিত্রের সঙ্গে কোন মিল খুঁজে পেল না। নদীর কোন পাড় নেই, আছে অসংখ্য দালানকোঠা, দোকানপাট, শিল্পকারখানা। পানির রঙ একেবারেই কালো, দুর্গন্ধময়। যে বিশুদ্ধ বাতাস নেবার উদ্দেশ্যে সে বের হয়েছিল, উল্টো দুর্গন্ধে তার দম বন্ধ হয়ে আসতে লাগলো। প্রজ্ঞার খুব মন খারাপ হল। দেশের এত বড় নদীর এই দুরবস্থা।<br>ক) বুড়িগঙ্গার নদীর পানি মাছসহ অন্যান্য জীব বসবাসের জন্য উপযুক্ত কি না? ব্যাখ্যা কর।<br>খ) বুড়িগঙ্গার পাড়ে যদি কোন ফসলী জমি থাকে তাহলে তার সেচ কার্যক্রম কি বুড়িগঙ্গার পানি দিয়ে করা সম্ভব? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও।<br>ঘ) বুড়িগঙ্গাকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে স্থানীয় জনগনের সহায়তায় তুমি কি করতে পারো? উপস্থাপন কর। | • পাঠ্যবইয়ের সহায়তা নিতে পারে।<br>• পরীক্ষণ কাজে সাবধানতা অবলম্বন করবে।<br>• দূষিত পানি পরীক্ষণের নিমিত্তে পান করা যাবে না। | **অতি উত্তম:**<br>১. সম্পূর্ণরূপে পানি দূষন ও এর ক্ষতিকর প্রভাব বিশ্লেষণ করতে পারা।<br>২. মানসম্মত পানির প্রয়োজনীয়তা পুরোপুরি বর্ণনা করতে পারা।<br>৩. পানির উৎস ও স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণ বিষয়ে সঠিক ও পরিপুর্ন উপস্থাপনা<br>৪. সম্পূর্নরূপে পারিপার্শ্বিক প্রয়োজনে নিজেকে সংযুক্ত করার প্রয়োজনীয়তা অনুধাবন।<br>**উত্তম:**<br>১. অধিকাংশক্ষেত্রে পানি দূষন ও এর ক্ষতিকর প্রভাব বিশ্লেষণ করতে পারা।<br>২. অধিকাংশক্ষেত্রেই মানসম্মত পানির প্রয়োজনীয়তা বর্ণনা করতে পারা।<br>৩. পানির উৎস ও স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণ বিষয়ে বেশির ভাগ উপস্থাপনা<br>৪. পারিপার্শ্বিক প্রয়োজনে নিজেকে সংযুক্ত করার প্রয়োজনীয়তা অনুধাবন।<br>**ভালো:**<br>১. কিছুক্ষেত্রে পানি দূষন ও এর ক্ষতিকর প্রভাব বিশ্লেষণ করতে পারা।<br>২. মানসম্মত পানির প্রয়োজনীয়তা সামান্য বর্ণনা করতে পারা।<br>৩. পানির উৎস ও স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণ বিষয়ে সামান্য উপস্থাপনা<br>৪. পারিপার্শ্বিক প্রয়োজনে নিজেকে আংশিক সংযুক্ত করার প্রয়োজনীয়তা অনুধাবন।<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. পানি দূষন ও এর ক্ষতিকর প্রভাব বিশ্লেষণ করতে না পারা।<br>২. মানসম্মত পানির প্রয়োজনীয়তা বর্ণনা করতে না পারা।<br>৩. পানির উৎস ও স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণ বিষয়ে অসম্পূর্ণ উপস্থাপনা<br>৪. পারিপার্শ্বিক প্রয়োজনে নিজেকে সংযুক্ত না করা। |